

নম্বর : ১৫.৫৩.০০০০.০০০.৩০৬.৫১.০০০৭.২৬-১২০

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩২  
০১ মার্চ ২০২৬

### অফিস আদেশ

আধুনিক যুগের সাথে তাল মিলিয়ে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র/ইউনিট হতে বিভিন্ন ফ্রিকুয়েন্সিতে সম্প্রচারিত অনুষ্ঠানমালা শ্রোতাসাধারণের দোরগোড়ায় ইন্টারনেট মাধ্যমে সর্বাবস্থায় পৌঁছে দেবার লক্ষ্যে মুঠোফোনের অ্যান্ড্রয়েড ও আইওএস প্ল্যাটফর্মে মোবাইল অ্যাপের মাধ্যমে এবং বাংলাদেশ বেতারের কেন্দ্রীয় ওয়েবসাইটের মাধ্যমে মোট ৩২(বত্রিশ)টি চ্যানেলের অনুষ্ঠান সম্প্রচার করা হচ্ছে। এতে বাংলাদেশ বেতারের শ্রোতাসাধারণকে রেডিও রিসিভার ছাড়াই মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর ভাষণ এবং রাষ্ট্রীয় জনগুরুত্বপূর্ণ তথ্যবহুল, জনসচেতনতামূলক ও বিনোদনমূলক বিবিধ অনুষ্ঠান, সংবাদ, খেলা প্রভৃতি পরিষ্কার ও সুচারুভাবে শোনানোর একটি যুগোপযোগী পন্থা প্রতিষ্ঠা করা সম্ভব হয়েছে। এখানে উল্লেখ্য যে, ট্রান্সমিটারের মাধ্যমে সম্প্রচারের ক্ষেত্রে যে স্থানিক সীমা প্রযোজ্য, ইন্টারনেট মাধ্যমের ক্ষেত্রে তা নেই; ফলে বিশ্বের যেকোনো স্থান থেকে বাংলাদেশ বেতারের যেকোনো কেন্দ্রের অনুষ্ঠান শোনা যাচ্ছে।

২। ঢাকার বাইরে অবস্থিত আঞ্চলিক কেন্দ্রসমূহ স্ব স্ব কেন্দ্র হতে সম্প্রচারিত অনুষ্ঠানের ডিজিটাল অডিও ফিড নিজস্ব ব্যবস্থাপনায় সরাসরি অডিও সার্ভারে প্রেরণ করে থাকে। ঢাকাস্থ বিভিন্ন কেন্দ্র/ইউনিটের চ্যানেলের অনুষ্ঠান একত্র করে গবেষণা ও গ্রহণ কেন্দ্র হতে অডিও সার্ভারে প্রেরণ করা হয়। সময়ে সময়ে বিবিধ পর্যায়ে হতে মনিটরিং করে ইন্টারনেট মাধ্যমে সম্প্রচারের ক্ষেত্রে বেশ কিছু ত্রুটি-বিচ্যুতি ও গুণগত মান বজায় রেখে সম্প্রচার করা যাচ্ছে :

ক) ওপেনিং দিতে দেরি হওয়া : সকালে স্ট্রিমিং সফটওয়্যার চালু করতে গড়িমসি করা।

খ) কনসোল থেকে প্রোগ্রাম বন্ধ না করে আগেই স্ট্রিমিং সফটওয়্যার কেটে দেওয়া। এতে অডিও সার্ভারে প্রেরিত সর্বশেষ সেগমেন্ট/ডাটাগ্রাম (অনুষ্ঠানের খণ্ডাংশ) লুপ আকারে বাজতে থাকে। এক্ষেত্রে কনসোল থেকে প্রোগ্রাম বন্ধ করে তারপর স্ট্রিমিং সফটওয়্যার বন্ধ করতে হবে।

গ) প্রোগ্রামে কখনো কখনো ব্যাকগ্রাউন্ড নয়েস পাওয়া যায়।

ঘ) রেকর্ডেড অনুষ্ঠান (গান, কবিতা, ধারণকৃত আলোচনা, সংবাদ প্রভৃতি) এবং লাইভ অনুষ্ঠান (সংবাদ পাঠ, উপস্থাপনা, ফোন-ইন অনুষ্ঠান প্রভৃতি)-এর শব্দের তীব্রতার পার্থক্য বেশি হওয়া। একেক অনুষ্ঠান/সংবাদ/উপস্থাপনা একেক সাউন্ড লেভেলে সম্প্রচারিত হওয়ায় শ্রুতিকটু হচ্ছে।

ঙ) কোনো কোনো আঞ্চলিক কেন্দ্রের এমসিআর/টিআর হলে টেলিফোন সংযোগ না থাকায় অডিও স্ট্রিমিং জনিত সমস্যা পরিলক্ষিত হলে যোগাযোগ করা কঠিন হয়ে পড়ছে। সংশ্লিষ্ট কেন্দ্রের কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত পর্যায়ে ফোন করতে হয়। ব্যক্তিগত পর্যায়ে ফোন দিলে পালায় দায়িত্বরত না থাকলে বা ব্যক্তিগত ব্যস্ততায় অনেক সময় ঐ কর্মকর্তা/কর্মচারী ফোন রিসিভ করতে পারেন না; ফোন রিসিভ করলেও তাৎক্ষণিকভাবে সমস্যার সমাধান করতে পারেন না।

চ) রাতের অধিবেশনের শেষে জাতীয় সংগীত সম্প্রচার না করেই অডিও স্ট্রিমিং সফটওয়্যার বন্ধ করে দেওয়া।

৩। আপনার কেন্দ্রের অনুষ্ঠান বাংলাদেশ বেতারের মোবাইল অ্যাপের মাধ্যমে এবং কেন্দ্রীয় ওয়েবসাইট থেকে গুণগত মান বজায় রেখে সম্প্রচারের স্বার্থে উপরে বর্ণিত কারিগরি নির্দেশনা যথাযথ অনুসরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

স্বা:-

মুনির আহমদ

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)

ফোন : ০২-৪৪৮১৩০১০

ইমেইল : ce@betar.gov.bd

নম্বর : ১৫.৫৩.০০০০.০০০.৩০৬.৫১.০০০৭.২৬-১২০(১/২১)

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩২  
০১ মার্চ ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান)/অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন, ঢাকা/বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, চট্টগ্রাম।
- ৪। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৫। আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/কক্সবাজার/রাঙ্গামাটি/বান্দরবান/কুমিল্লা/ঠাকুরগাঁও/গোপালগঞ্জ/স্টেশন প্রকৌশলী, ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
- ৬। নথি।



মুনির আহমদ

প্রধান প্রকৌশলী (রুটিন দায়িত্ব)